গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

৮৫২৮৮৭৪

**ইউনিক আইডি নম্বর (ইউআইডি) সরবরাহকরণ সংক্রান্ত দ্বিপাক্ষিক চুক্তিপত্র**

**ইউনিক আইডি নম্বর (ইউআইডি) সরবরাহকরণ বিষয়ে এই চুক্তি সম্পাদনকারী পক্ষদ্বয় নিম্নরূপঃ**

প্রথম পক্ষঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮ অনুচ্ছেদের অধীন প্রতিষ্ঠিত "বাংলাদেশ নির্বাচন কমিশন" (অতঃপর 'কমিশন' বলিয়া উল্লিখিত)

এবং

দ্বিতীয় পক্ষঃ স্থানীয় সরকার বিভাগ এর অধীন "জন্ম ও মৃত্যু নিবন্ধন, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়" (অতঃপর 'দ্বিতীয় পক্ষ' বলিয়া উল্লিখিত)

## প্রস্তাবনা

যেহেতু মন্ত্রিপরিষদ বিভাগ এর অধীন সিআরভিএস সচিবালয় হতে জারিকৃত সিআরভিএস এন্ড বিয়োন্ড ($CRVS^{++}$) বাস্তবায়ন নীতিমালা ২০১৯ সংক্রান্ত পরিপত্র এর ক্রমিক ০৭ এর (ক) অনুসারে

"এনআইডি সিস্টেম হতেই মূলত ইউআইডি নম্বর জেনারেট হবে এবং অন্যান্য সংস্থাকে ব্যবহার করার জন্য প্রদান করা হবে "

সেহেতু মাননীয় কমিশনের অনুমোদনক্রমে দ্বিতীয় পক্ষকে ইউআইডি সরবরাহকরণের নিমিত্ত নিম্নেবর্ণিত অনুচ্ছেদসমূহে উল্লিখিত শর্তাবলী অনুসারে কমিশন ও দ্বিতীয় পক্ষের মধ্যে অদ্য খ্রিস্টীয় ২০২০ সালের জানুয়ারি মাসের ০২ তারিখে এই চুক্তি সম্পাদিত হইলঃ

## "অনুচ্ছেদ ও শর্তাবলী"

অনুচ্ছেদ ১: লিংক স্থাপন ও ডাটাবেইজে প্রবেশ সংক্রান্ত।

(ক) দ্বিতীয় পক্ষ জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত তথ্যাদি যাচাইয়ের জন্য কমিশনের ডাটাবেইজের সহিত সংযোগ স্থাপন করিতে পারিবে। এতদুদ্দেশ্যে দ্বিতীয় পক্ষ নিজ ব্যয় ও দায়িত্বে Dedicated Optical Fiber Link ও প্রয়োজনীয় আইসিটি সরঞ্জাম স্থাপন করিবে।

(খ) কমিশনের ডাটাবেইজে প্রবেশাধিকার প্রাপ্তির জন্য দ্বিতীয় পক্ষকে এই চুক্তিপত্র স্বাক্ষরের পর কমিশনের সহিত যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করিতে হইবে।

(গ) দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রবেশাধিকার প্রাপ্তির পর কমিশন কর্তৃক নির্ধারিত ইউনিভার্সেল রিসোর্স লোকেটর (URL)-এ Application Programme Interface (API) এর মাধ্যমে লগ-ইন (log-in) করিয়া নিম্নের যে কোন পদ্ধতি অনুসরণ করিতে পারিবেঃ

পদ্ধতি-১

যাহাদের বয়স ১৮ এর নীচে অর্থাৎ যারা NID বা ভোটারের জন্য অন্তর্ভুক্ত হননি। তাদের জন্য নিম্নলিখিতভাবে UID করা হইবেঃ

ক) যে সকল ব্যক্তির পিতা ও মাতা উভয়েরই NID নম্বর আছে তাদের জন্য ব্যক্তি নাম, জন্ম তারিখ এবং পিতা-মাতার NID নম্বর ও জন্ম তারিখ বাংলাদেশ নির্বাচন কমিশনের সার্ভারে প্রেরণ করতে হইবে। বাংলাদেশ নির্বাচন কমিশন এর সার্ভার পিতা-মাতার NID নম্বর যাচাইপূর্বক উক্ত ব্যক্তির জন্য UID প্রেরণ করা হইবে:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খ) যে সকল ব্যক্তির পিতা অথবা মাতার NID নম্বর আছে তাদের ক্ষেত্রে ব্যক্তি নাম, জন্ম তারিখ এবং পিতা অথবা মাতার NID নম্বর ও জন্ম তারিখ বাংলাদেশ নির্বাচন কমিশনের সার্ভারে প্রেরণ করিতে হইবে। বাংলাদেশ নির্বাচন কমিশন এর সার্ভার পিতা অথবা মাতার NID নম্বর যাচাইপূর্বক উক্ত ব্যক্তির জন্য UID সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রেরন করা হইবে;

গ) যে সকল ব্যক্তির পিতা বা মাতা উভয়ের NID নম্বর নেই তাদের নাম, জন্ম তারিখ এবং Sibling বা উপযুক্ত অভিভাবকের NID নম্বর ও জন্ম তারিখ বাংলাদেশ নির্বাচন কমিশনের সার্ভারে প্রেরণ করিয়া বাংলাদেশ নির্বাচন কমিশন এর সার্ভার হইতে NID নম্বর যাচাইপূর্বক উক্ত ব্যক্তির জন্য UID প্রেরণ করা হইবে।

পদ্ধতি-২

যাহাদের বয়স ১৮ এর উপরে অর্থাৎ যাহারা NID বা ভোটার হিসেবে অন্তর্ভুক্ত হইয়াছে তাহাদের UID এর জন্য ব্যক্তি NID নম্বর, জন্ম তারিখ ও ফিঙ্গারপ্রিন্ট প্রেরন করিলে এবং তাহার সঠিকতা যাচাই করিয়া উক্ত ব্যক্তির জন্য পূর্বে তৈরি UID নম্বর প্রেরন করা হইবে। অথবা কোন ব্যক্তির NID নম্বর, জন্ম তারিখ পিতার নাম, মাতার নাম বাংলাদেশ নির্বাচন কমিশন সার্ভারে প্রেরন করিলে ব্যক্তির জন্য পূর্বে তৈরি UID প্রেরন করা হইবে।

(ঘ) দ্বিতীয় পক্ষ কর্তৃক কমিশন অনুমোদিত আইপি এড্রেস (IP Address) এর বাহিরে ইউআইডি গ্রহণের নিমিত্ত কোন রিকোয়েস্ট পাঠানো যাইবে না। দ্বিতীয় পক্ষ কর্তৃক আইপি এড্রেস পরিবর্তন করিতে চাহিলে কমিশনকে লিখিতভাবে অবহিত করিবার পর পরিবর্তন করা যাইবে। দ্বিতীয় পক্ষকে নিজস্ব Dedicated Optical Fiber Link সহ সকল আইসিটি সরঞ্জামের কার্যকারিতা ও নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে।

(ঙ) ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রাপ্তির পর উহা ব্যবহার করিয়া দ্বিতীয় পক্ষ কমিশনের ডাটাবেইজে প্রবেশ করিতে পারিবে। নিরাপত্তার স্বার্থে দ্বিতীয় পক্ষ উক্ত পাসওয়ার্ড পরিবর্তন করিতে পারিবে। দ্বিতীয় পক্ষের ইউজার আইডি ও পাসওয়ার্ড এর কোন অবৈধ বা বেআইনি ব্যবহার গোচরীভূত হইলে কিংবা এই ব্যাপারে কোন সন্দেহের উদ্রেক হইলে, দ্বিতীয় পক্ষ অতি দ্রুত কমিশনকে তাহা অবহিত করিবে।

অনুচ্ছেদ ২: কমিশনের তথ্য-উপাত্তের গোপনীয়তা।-

দ্বিতীয় পক্ষ কর্তৃক চুক্তিপত্রের শর্তাবলীর লঙ্ঘন বা কমিশন প্রদত্ত লিংক এর অন্যাবিধ বেআইনি ব্যবহার ও ভুল তথ্য প্রদানের জন্য কমিশন দায়ী থাকিবে না এবং এইরূপ গোপনীয়তা লঙ্ঘন বা বেআইনি ব্যবহারের কারনে কোন আইনগত কার্যধারার উদ্ভব হইলে, কমিশন ও কমিশন সংশ্লিষ্ট যে কোন ব্যক্তি দায়মুক্ত থাকিবে। এইরূপ ক্ষেত্রে কমিশন দায়ী ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহন করিবে।

অনুচ্ছেদ ৩: সার্ভিস চার্জ সংক্রান্ত।–

উক্তরূপ সার্ভিসে গ্রহনের নিমিত্ত দ্বিতীয় পক্ষকে কোন প্রকার ফি/চার্জ প্রদান করিতে হইবে না।

অনুচ্ছেদ ৪: চুক্তি বাতিলকরণ, জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ সুবিধা স্থগিতকরণ, ইত্যাদি।–

(ক) দ্বিতীয় পক্ষ কর্তৃক ইউআইডি গ্রহণের ক্ষেত্রে কোন শর্ত লঙ্ঘিত হইলে, কমিশন দ্বিতীয় পক্ষকে কেন এই চুক্তি বাতিল করা হইবে না, তাহার কারন দর্শানোর জন্য লিখিত নোটিশ প্রদান করিবে এবং নির্ধারিত সময়ের মধ্যে দ্বিতীয় পক্ষ সন্তোষজনক জবাব দানে ব্যর্থ হইলে, কমিশন এই চুক্তি বাতিল করিতে পারিবে।

(খ) অনুচ্ছেদ ৪(ক) তে বর্ণিত কারণ দর্শানোর নোটিশ প্রদানের সময় কমিশন, যথাযথ বিবেচনা করিলে, দ্বিতীয় পক্ষের সংযোগ সাময়িকভাবে অকার্যকর করিতে পারিবে।

(গ) দ্বিতীয় পক্ষ ইউআইডি গ্রহণের সুবিধা সাময়িকভাবে স্থগিত করিবার অভিপ্রায়ে লিখিতভাবে উহা অবহিত করিলে কমিশনের অনুমোদন সাপেক্ষে উহা স্থগিত হইবে।

(ঙ) কমিশন নিজস্ব তথ্য-উপাত্ত রক্ষণাবেক্ষণের স্বার্থে দ্বিতীয় পক্ষকে কমপক্ষে ৯০ (নব্বই) দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে এই চুক্তি বাতিল করিতে পারিবে। দ্বিতীয় পক্ষ কমিশন বরাবর কমপক্ষে ৯০ (নব্বই) দিনের লিখিত নোটিশ প্রদানপূর্বক এই চুক্তি বাতিল করিতে পারিবে। চুক্তি বাতিলের কারণে দ্বিতীয় পক্ষ কর্তৃক স্থাপিত লিংক ও আইসিটি সরঞ্জাম স্থাপন ব্যয় কিংবা উহার অংশ বিশেষ ফেরত পাইবার অধিকারী হইবে না।

অনুচ্ছেদ ৫: সেবা প্রাপ্তিতে বিড়ম্বনা এবং প্রতিকার।-

দ্বিতীয় পক্ষ যাহাতে নিরবচ্ছিন্নভাবে ইউআইডি প্রাপ্তির সুবিধা গ্রহণ করিতে পারে, সেই লক্ষ্যে কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। কোন কারণে সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন হইলে তাহা অতি দ্রুত কমিশনকে অবহিত করিতে হইবে। কমিশনকে অবহিত করিবার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে কমিশন উহার প্রতিকার করিবে। কমিশন বারবার উক্ত প্রতিকারে ব্যর্থ হইলে, দ্বিতীয় পক্ষ, অনুচ্ছেদ ৪(ঙ) অনুসারে কমিশনকে ৯০ (নব্বই) দিনের লিখিত নোটিশ প্রদানপূর্বক এই চুক্তি বাতিল করিতে পারিবে।

অনুচ্ছেদ ৬: চুক্তিপত্রের কার্যকরতা ও মেয়াদ।-

অত্র চুক্তিপত্রটি স্বাক্ষরের তারিখ হইতে কার্যকর হইবে এবং প্রাথমিকভাবে মেয়াদ হইবে চুক্তি স্বাক্ষরের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর। প্রাথমিক মেয়াদান্তে এই চুক্তি প্রতি ০৩ (তিন) বৎসরের জন্য ০৩(তিন) বৎসর পরপর অনুরূপ একই শর্তানুসারে বা শর্তাবলীর সংশোধনপূর্বক নবায়ন যোগ্য হইবে।

অনুচ্ছেদ ৭: বিবিধ।-

(ক) এই চুক্তিপত্রের অধীন ইউআইডি গ্রহণের জন্য আইটি সিস্টেম ব্যবহার, আইপি ঠিকানার ব্যবহার, তথ্য-উপাত্তের গোপনীয়তা রক্ষাসহ প্রযুক্তিগত, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে কোন ব্যত্যয় ঘটিলে তাহা বাংলাদেশে প্রচলিত সংশ্লিষ্ট আইন-কানুন বা আইনি কাঠামোর আওতাভুক্ত হইবে।

(খ) এই চুক্তিপত্রের কোন শর্ত ব্যাখ্যায় চুক্তি সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের মধ্যে কোন মতদ্বৈততা বা বিরোধ দেখা দিলে, তাহা যথাসম্ভব আলাপ আলোচনার মাধ্যমে মীমাংসা করা হইবে।

| কমিশনের পক্ষে স্বাক্ষরকারী | দ্বিতীয় পক্ষের পক্ষে স্বাক্ষরকারী |
|---|---|
| [স্বাক্ষর] 02/07/2020 | [স্বাক্ষর] |
| জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম<br>পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ<br>নির্বাচন কমিশন সচিবালয়<br>জাতীয় পরিচিতি নম্বরঃ ১৯৭৫৩৫২৩২০৭১২৪০৩০ | জনাব মানিক লাল বনিক<br>রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)<br>জন্ম ও মৃত্যু নিবন্ধন, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়<br>স্থানীয় সরকার বিভাগ<br>জাতীয় পরিচিতি নম্বরঃ ১৯৬২৭৬২৫৫০২১২৪০৫০ |

| কমিশনের পক্ষে সাক্ষীগণের স্বাক্ষর | দ্বিতীয় পক্ষের সাক্ষীগণের স্বাক্ষর |
|---|---|
| [স্বাক্ষর] | [স্বাক্ষর] |
| ১। জনাব মোঃ নুরুজ্জামান খান<br>(উপ-সচিব)<br>উপ-প্রকল্প পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>আইডিইএ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়<br>জাতীয় পরিচিতি নম্বরঃ ৫৯৯৪৫৭১৬৪৩ | ১। জনাব মুহম্মদ মেসবাহুল আলম<br>উপ-রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)<br>জন্ম ও মৃত্যু নিবন্ধন, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়<br>স্থানীয় সরকার বিভাগ<br>জাতীয় পরিচিতি নম্বরঃ ১৯৬৬৮১৯৫০৬৯৮১৫৩২ |
| [স্বাক্ষর] | [স্বাক্ষর] |
| ২। জনাব ইকবাল হোসেন<br>উপ-পরিচালক<br>জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ<br>নির্বাচন কমিশন সচিবালয়<br>জাতীয় পরিচিতি নম্বরঃ ৯৩১৭৬৪৩০৯৮২৩৭ | ২। জনাব হামিদা শিরিন<br>প্রোগ্রামার<br>জন্ম ও মৃত্যু নিবন্ধন, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়<br>স্থানীয় সরকার বিভাগ<br>জাতীয় পরিচিতি নম্বরঃ ১৯৮৮২৬৯৬৮৩০৯১০৮৫২ |